মেহেরপুর জেলা পরিষদের বিনামূল্যে সেলাই মেশিন বিতরণ অব্যাহত

নারীদের উন্নয়ন এবং কর্মশীল হিসেবে গড়ে তুলতে মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে মেহেরপুর জেলার বিভিন্ন এলাকার সেলাই প্রশিক্ষণ কারীদের মধ্যে বিনামূল্যে সেলাই মেশিন বিতরণ করা অব্যাহত রয়েছে।

সোমবার বিকাল ৪ টার সময় মেহেরপুর জেলা পরিষদ মিলনায়তনে এসকল সেলাই মেশিন বিতরণ করা হয়। মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নিজ হাতে মেহেরপুর জেলা পরিষদের সংরক্ষিত ১ নম্বর ওয়ার্ডের বিভিন্ন এলাকার ৪৮ জন সেলাই প্রশিক্ষণ মহিলাদের মধ্যে সেলাই মেশিন বিতরণ করেন।

এসময় জেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য নার্গিস আরা, সহকারী প্রকৌশলী মজিবুর রহমান, চেয়ারম্যানের গোপনীয় সহকারি শাহীন ইকবাল সহ প্রমুখ সেখানে উপস্থিত ছিলেন।

স্বচ্ছ প্রক্রিয়ায় কৃষি ও পল্লী ঋণ আদায় ও বিতরণ মেলা- ২০২১ অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে অগ্রণী ব্যাংক বাংলাদেশ লিমিটেড মুজিবনগর শাখার, উদ্যোগে স্বচ্ছ প্রক্রিয়ায় কৃষি ও পল্লী ঋণ আদায় ও বিতরণ মেলা-২০২১ অনুষ্ঠিত হয়েছে।সোমবার বেলা সাড়ে ১২ টার সময় অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখায় এ মেলার উদ্বোধন করা হয়।
অনুষ্ঠানে অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখা ব্যাবস্হাপক কাজী আরিফুল ইসলমের সভাপতিত্বে, অগ্রণী ব্যাংক এর সদ্য পদোন্নতি পাওয়া উপ

মহা- ব্যবস্হাপক মানস কুমার পাল, প্রধান অতিথি হিসাবে উপস্হিত থেকে গ্রাহকদের মাঝে কৃষি ঋণ বিতরণ করে মেলার উদ্বোধন করেন। এ সময় উপস্হিত ছিলেন ছিলেন চুয়াডাঙ্গা আঞ্চলিক কার্যালয়ের (এস পি ও)এ এস এম এম কবির,চুয়াডাঙ্গা আঞ্চলের অফিসার সমিতির সভাপতি সুলাইমান, চুয়াডাঙ্গা আঞ্চলিক কার্যালয়ের সিনিয়র অফিসার আবদুল্লাহ আল মামুন, আরো উপস্হিত ছিলেন ভবন মালিক কৌশিকুল ইসলাম রুমি,কেদারগন্জ বাজার ব্যাবসায়ী কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিকসহ অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখার কর্মকর্তা ও কর্মচারি ব্যাংকের গ্রাহক বৃন্দ।
অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখায়
স্বচ্ছ প্রক্রিয়ায় কৃষি ও পল্লী ঋণ আদায় ও বিতরণ মেলা-২০২১ এর প্রথম দিনে ১০ জন গ্রাহককে ৮ লক্ষ টাকা কৃষি ঋণ প্রদান করা হয়। এ সময় ৪ জন গ্রাহকের কাছ থেকে বকেয়া ৩ লক্ষ টাকা কৃষি ঋণ আদায় করা হয়।
মেলা আগামী বৃহস্পতিবার পর্যন্ত চলবে।

মেহেরপুরে ৬ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ৬ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৩ জন, গাংনী ১ জন, মুজিবনগরে ২ জন।

রবিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৭৮ টি। তারমধ্যে ৬ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৩৩ জন। তার মধ্যে সদরে ৮ জন, গাংনীতে ১৩ জন এবং মুজিবনগরে ১২ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৯ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৮ জন ও মুজিবনগরে ৩৯ জন।

মেহেরপুরে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ

করোনা মহামারীর কারণে প্রায় দেড় বছর বন্ধ থাকার পর সারা দেশের ন্যায় মেহেরপুর জেলাতে সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে। দীর্ঘদিন পর শিক্ষাপ্রতিষ্ঠান খোলার পর মেহেরপুর জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান তাদের নিজ নিজ ব্যবস্থাপনায় শিক্ষা প্রতিষ্ঠান ক্লাস শুরু করেন।

রবিবার সকাল ৭ টার দিকে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় পক্ষ থেকে বিদ্যালয়ের ছাত্রীদের ফুলেল শুভেচ্ছা জানিয়ে অভ্যর্থনা জানানো হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুজ্জামান উপস্থিত থেকে স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ের ছাত্রীদের ক্লাসে স্বাগত জানান।

এ সময় তাদের ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়। সহকারী শিক্ষক কাজী আনিসুজ্জামান, সেকেন্দার আলী সহ বিদ্যালয় অন্যান্য শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুর মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলামের নেতৃত্বে কলেজের শিক্ষকরা ছাত্রীদের ফুল দিয়ে বরণ করে নেন।

সরকারি মহিলা কলেজে বিএনসিসি সদস্যরা কলেজের প্রধান ফটকের সামনে দাঁড়িয়ে ছাত্রীদের তাপমাত্রা মেপে তাদের ফুল দিয়ে বরণ করে নেন।

এছাড়াও মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয়, কবি নজরুল শিক্ষা মঞ্জিল, শহীদ ক্যাপ্টেন আশরাফুল হাফিজ খান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বরণ করে নেন। এসময় বিদ্যালয়ের প্রধান শিক্ষক সহ অন্যান্য ও শিক্ষকগণ সেখানে উপস্থিত ছিলেন।

এ সকল শিক্ষাপ্রতিষ্ঠান দীর্ঘদিন বন্ধ থাকার পর শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেওয়ার ব্যাপারে সরকারী সিদ্ধান্ত গ্রহণ করার পর পরই শিক্ষা

প্রতিষ্ঠানের কর্মকর্তারা তাদের শিক্ষা প্রতিষ্ঠান পরিষ্কার-পরিচ্ছন্ন করা সহ পাঠদানের পরিবেশ গড়ে তোলে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এক উৎসবমুখর পরিবেশ তৈরী হয়েছে।

মেহেরপুরে ১ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ১ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১ জন।

শনিবার সন্ধ্যায় মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৫৪ টি। তারমধ্যে ১ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৩২ জন। তার মধ্যে সদরে ৭ জন, গাংনীতে ১৫ জন এবং মুজিবনগরে ১০ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৯ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৮ জন ও মুজিবনগরে ৩৯ জন।

গাংনী উপজেলা মৎস্য অফিসের উদ্যোগে মাছের পোনা অবমুক্ত

মেহেরপুরেরর গাংনীতে ২০২১-২০২২ অর্থ বছরের রাজস্ব খাতের আওতায় বিভিন্ন উন্মুক্ত জলাভুমি ও প্রাতিষ্ঠানিক জলাভুমিতে মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। শনিবার সকালে গাংনীর জোড়পুকুরিয়া জলাভুমিতে মাছের পোনা অবমুক্তরণ অনুষ্ঠানের আয়োজন করে গাংনী উপজেলা মৎস্য অধিদপ্তর।

মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পোনা অবমুক্তকরনের উদ্বোধন করেন। এসময় এমপি পত্নী লাইলা আরজুবান বানু, গাংনী উপজলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মস্তফা, উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাস্টার, গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা হোসেন আহাম্মেদ, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা ইকবাল শরিফ,ফিল্ড এসিস্ট্যান্স দেলোয়ার হোসেন উপস্থিত ছিলেন। গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় উন্মুক্ত জলাভুমি ও প্রাতিষ্ঠানিক জলাভুমিতে মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। এসময় বক্তারা অবমুক্তকৃত মাছের পোনা সংরক্ষণ করে খাওয়ার উপযোগী করনে সহযোগীতা আহব্বান জানান সংশ্লিষ্টরা।

মুজিবনগরে সড়ক দূর্ঘটনায় ৪ জন আহত

মুজিবনগরে ২টি মটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে ৪ জন আহত হয়েছে। শনিবার দুপুর ১ টা ৩০ মিনিটের উপজেলা গেট-থানা গেটের মাঝামাঝি এ দূর্ঘটনা ঘটে।
এতে করে ৪ জনের ভিতরে ২ জন গুরুতর আহত হওয়ায় তাদের দুইজনকে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে।
আহতরা হলেন, জয়পুর হাটের দিলিপ হরিজনের ছেলে বকুল (২৭),মেহেরপুর বামনপাড়ার অজয়ের ছেলে তাপস(২২),মেহেরপুর হালদার পাড়ার সোহেলের ছেলে রামা(২০) ও মুজিবনগর উপজেলার পুরন্দরপুর গ্রামের নাসির উদ্দীনের ছেলে মফিজুল(২৭)।
জানা গেছে,মফিজুল মুজিবনগর থেকে তার নিজ গ্রাম পুরন্দরপুরে মটরসাইকেলে করে একা একা যাচ্ছিলো।অপরদিক থেকে মেহেরপুরের দিক থেকে বকুল,তাপসও রামা মটরসাইকেলবেগে মুজিবনগরের দিকে দ্রুত গতিতে যাওয়ার সময় মফিজুলের গাড়ির সাথে ধাক্কা লাগলে সকলেই মাটিতে লুটিয়ে পরে। পরে মুজিবনগর থানার এস আই ইকবাল ও এএসআই আক্তার দেখতে পেয়ে দ্রুত মুজিবনগর স্বাস্থ কমপ্লেক্সে নিয়ে আসলে সেখানে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়। এদের ভিতর মফিজুল অবস্থা আশঙ্খাজনক

হওয়ায় তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়।

মেহেরপুরে ৩ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে গাংনী ১ জন, মুজিবনগরে ২ জন।

বৃহস্পতিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৬৪ টি। তারমধ্যে ৩ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৪৬ জন। তার মধ্যে সদরে ১৪ জন, গাংনীতে ২২ জন এবং মুজিবনগরে ১০ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৮ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৭ জন ও মুজিবনগরে ৩৯ জন।

গাংনীর হাড়াভাঙ্গায় ডিস ব্যবসায়ীকে গাছে বেঁধে মারপিঠ

গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের ডিস ব্যবসায়ী আরিফিন রেজাকে
(২১) বেধড়ক মারপিঠ করা হয়েছে। মুমূর্ষু অবস্থায় তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

একইসাথে ফাঁকা স্ট্যাম্পে জোরপূর্বক স্বাক্ষর করে ৭০ হাজার টাকা জরিমানা আদায়ের পায়তারা করছে হাড়াভাঙ্গা গ্রামের ফারুক হোসেনসহ কয়েকজন। এক মাদ্রসা ছাত্রীর সাথে প্রেম সম্পর্কের অপবাদ দিয়ে গত

বুধবার রাতে রেজাকে বেধড়ক মারপিঠ করা হয় বলে অভিযোগ করেছেন রেজা ও তার পরিবার।

গাংনী হাসপাতালের একজন চিকিৎসক জানান, আরিফিন রেজার দুই পায়ের হাড় ফেটে গেছে। শরীরের বিভিন্ন স্থানে রডের আঘাতের চিহ্ন রয়েছে। আঘাতে শরীরের বিভিন্ন স্থানের চামড়া উঠে গেছে। তার শারীরিক অবস্থা গুরুতর বলে জানান কর্তব্যরত চিকিৎসক।

অভিযোগে জানা গেছে, ডিস ক্যাবল নেটওয়ার্ক ব্যবসায়ী হাড়াভাঙ্গা গ্রামের কামাল হোসেনের ছেলে আরিফিন রেজা লাইন দেখাশোনার কাজ করেন। গত বুধবার রাত আটটার দিকে হাড়াভাঙ্গা গ্রামের শাওন নামের এক যুবক তার বাড়ির ডিস লাইন মেরামতের কথা বলে ডেকে নিয়ে যায়।

ডিস লাইন মেরামতের এক পর্যায়ে রেজাকে কৌশলে ডেকে হাড়াভাঙ্গা গ্রামের বাগানপাড়ায় নিয়ে যায় একই গ্রামের নৈমুদ্দীন মিলিটারির ছেলে ফারুক হোসেন। সেখানে আগে থেকে ওৎ পেতে থাকা ফারুক ও তার সঙ্গীরা রেজার মুখ ও হাত বেঁধে মারধর শুরু করে। জাম গাছের সাথে রসি দিয়ে বেঁধে মুখে গামছা পুরে রড ও লাঠি দিয়ে বেধড়ক মারপিঠ করে ফারুকসহ তার সঙ্গীয় লোকজন।

আকস্মিক হামলায় রেজার শারীরিক অবস্থা খারাপের দিকে গেলে বিপাকে পড়ে হামলবকারীরা। ফাঁকা স্ট্যাম্পে মিথ্যা স্বীকারোক্তির স্বাক্ষর করতে বাধ্য করে রেজাকে। মারধরের দায় এড়াতে তাৎক্ষনিক এ নাটক সাজায় ফারুক। এক মাদ্রসা ছাত্রীর বাড়িতে যাওয়ার মিথ্যা অপবাদ দিয়ে ৭০ হাজার টাকা জরিমানা করা হয়।

ফারুকের হাত থেকে ছেলেকে ছাড়ানোর জন্য নগদ ১৫ হাজার দিয়ে বাকি টাকা কয়েকদিন করে পরিশোধের প্রতিশ্রুতি দেয় রেজার পরিবার। এর পরে পরিবারের লোকজন তাকে নিয়ে গাংনী হাসপাতালে ভর্তি করেন।

ফারুকের কথিত শালিসে উপস্থিত কয়েকজন জানান, বিষয়টি সাজানো নাটক। মাদ্রাসা ছাত্রীর সাথে যদি রেজার সম্পর্ক থেকে থাকে তাহলে শালিসে ছাত্রী অথবা তার পরিবারের সদস্যরা উপস্থিত থাকতেন। তাছাড়া আগে থেকেই গোছানো ছিল স্ট্যাম্প।

ফাঁকা স্ট্যাম্পে স্বাক্ষরের ভয় দেখিয়ে ফারুক এখন ৭০ হাজার টাকা দাবি করছে রেজার পরিবারের কাছে। টাকা না দিলে ওই স্ট্যাম্পবলে মামলার হুমকি দিচ্ছে ফারুক। ডিস ব্যবসার বিরোধের জেরে ফারুক এ নাটক সাজিয়েছে বলে মনে করছেন সালিশে উপস্থিত প্রত্যক্ষদর্শীরা।

আরিফিন রেজার পিতা কামাল হোসেন বলেন, আমরা দীর্ঘদিন ধরে গ্রামে ডিস ফিডের ব্যবসা করি। সাম্প্রতিক সময়ে ওই ফারুক হোসেন আরেকটি লাইন নিয়ে গ্রামের মানুষের বাড়িতে আমার লাইন কেটে দিয়ে তার লাইন দিচ্ছে। এ নিয়ে তার সাথে আমাদের বিরোধ রয়েছে। এ বিরোধের জের ধরে আমি ও আমার ছেলেকে প্রায়ই হত্যার হুমকি দিতো ফারুক।

আমার ছেলেকে হত্যার উদ্দেশ্যেই এ হামলা করেছে বলে অভিযোগ করেন তিনি। এ ঘটনার বিচার চেয়ে পুলিশসহ প্রশাসনের বিভিন্ন দপ্তরে আর্জি জানিয়েছেন ভুক্তভোগী পরিবারের সদস্যরা।

এদিকে ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অভিযুক্ত ফারুক ও তার লোকজনের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করেছেন গাংনী উপজেলা ডিস ক্যাবল মালিক সমিতির সভাপতি আনারুল ইসলাম বাবুসহ ডিস মালিক সমিতি নেতৃবৃন্দ। হামলকারীদের দ্রুত গ্রেফতার পূর্বক বিচারের দাবি জানান তারা।

এবিষয়ে গাংনী থানার ওসি বজলুর রহমানের সাথে যোগাযোগ করার জন্য সরকারি মোবাইল নাম্বারে কল করে তিনি কল রসিভি করেননি।

গাংনীতে তিনটি সড়ক উন্নয়ন কাজের উদ্বোধন করেন এমপি খোকন

এমপি সাহিদুজ্জামান খোকন মেহেরপুরের গাংনী উপজেলার বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সড়ক উন্নয়ন কাজের উদ্বোধন করেছেন। বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে শুরু হয়ে দুপুর পর্যন্ত বিরতিহীন ভাবে উপজেলার বিভিন্ন প্রান্তে এসব সড়ক উন্নয়ন কাজের উদ্বোধন করেন। উদ্বোধন ঘোষণা শেষে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

প্রকল্পগুলোর মধ্যে রয়েছে- মেহেরপুর জেলার গাংনী উপজেলাধীন ২০১৯-২০২০ অর্থবছরে পল্লী সড়ক রক্ষণাবেক্ষণ ও কালভার্ট মেরামত কর্মসূচী প্রকল্পের আওতায় বামন্দি (আরএইচডি) হতে নওদাপাড়া জিসি

রাস্তার উন্নয়ন কাজের উদ্বোধন যার চুক্তিমূল্য ৮৭,০২,৯৩২ টাকা।

বৃহত্তর কুষ্টিয়া জেলা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (GKRDP) প্রকল্পের আওতায় পীরতলা হাট হতে নাটনাপাড়া ঘাট পর্যন্ত পর্যন্ত রাস্তার উন্নয়ন কাজ। যার প্রকল্পিত ব্যয় ১,৫৭,৪৬,৪৮৩ টাকা, বাস্তবায়নকারী প্রতিষ্ঠান এলজিইডি।

বৃহত্তর কুষ্টিয়া জেলা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (GKRDP) এর আওতায় রাইমনতলা হতে মহব্বতপুর গ্রাম পর্যন্ত সড়ক উন্নয়নের কাজ ১,২৮,০৭,৮৮৩ টাকা, বাস্তবায়নকারী প্রতিষ্ঠান এলজিইডি।

পরে সহড়াবাড়িয়া গ্রামে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর-২ (গাংনী) আসনের মাননীয় সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন।

এ সময় জেলা আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদক ফজলুল হক, উপজেলা প্রকৌশলী গোলাপ আলী শেখসহ উপজেলার বিভিন্ন ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগ এবং অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।